দৈনিক
ইনকিলাব

তারিখ 23 JAN 2003
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# স্কলারদের জ্ঞানের পরিধি আরো সম্প্রসারণ করতে হবে
## –ইবাইস ভিসি

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত ৯ জানুয়ারী 'ইবাইস' ইউনিভার্সিটি'র এমবিএ ১৪তম ব্যাচ, গত ১৫ জানুয়ারী বিবিএ ১১তম ব্যাচ, বিএসসি ইন কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ১১তম ব্যাচ, বিএসসি ইন সাইন্স ইন ইনফরমেশন টেকনোলজি ১১তম ব্যাচ, এমএসসি ইন কম্পিউটার সাইন্স ১৪তম ব্যাচ এবং বিএসসি ইন সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইভেনিং) ৪র্থ ব্যাচসমূহের স্প্রিং-২০০৩ সেমিস্টারের এক ওরিয়েন্টেশন প্রোগ্রাম ইউনিভার্সিটির ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা, প্রেসিডেন্ট ড. জাকারিয়া লিংকন এবং বিজনেস অনুষদের ডীন প্রফেসর ড. হরিপদ ভট্টাচার্য।

প্রফেসর ড. মনিরুজ্জামান মিঞা তার বক্তৃতায় নবাগত ছাত্র-ছাত্রীদের জুনিয়র স্কলার ও শিক্ষকদের সিনিয়র স্কলার আখ্যা দিয়ে জ্ঞানের পরিধি আরো সম্প্রসারণ এবং এ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সকলের কাম্য ভূমিকা তুলে ধরেন। প্রেসিডেন্ট ড. লিংকন আন্তর্জাতিক মানের সাথে সমন্বয় রেখে বিভিন্ন প্রোগ্রামে শিক্ষক নিয়োগ, গ্রেডিং পদ্ধতি, কারিকুলাম ইত্যাদি কিভাবে ইবাইস বিশ্ববিদ্যালয় প্রণয়ন করেছে, তা নবাগত ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরেন। প্রফেসর ড. হরিপদ ভট্টাচার্য তার বক্তব্যে শিক্ষার গুণগত মান, ছাত্র-শিক্ষক সম্পর্ক ইত্যাদির ওপর আলোকপাত করেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন বিজ্ঞান অনুষদের সহকারী অধ্যাপক ডঃ মুহম্মদ ফরিদ উদ্দিন।